


## আদম - অধম



মিজানুর রহমান তরুণ

সবাই বলে আদম , পশুর চেয়েও অধম  
আমি তাই , পশু হতে চাই ।  
কলুষিত পরিবেশ ছেড়ে, আমি  
বনে-জঙ্গলে থাকতে চাই ।  
সেখানেও হানা দেয় যত , অধম শ্রেনীর দল  
দেহশক্তি নয়, খাটায় যন্ত্র ও কৌশল ।  
শ্রেষ্ঠত্বের দাবীদার তুমি , কি সে শ্রেষ্ঠত্ব, খোঁজো?  
ভালো-মন্দের বিচার ছেড়ে, নিজেরটাই শুধু বোঝো ।  
আপন বড়াই কোরে বেড়াও, ভাষা ব্যবহার কোরে,  
বাইরে চক্চকে সোনা, কতটুকু আছে ঘরে?  
এটা কোরছো ,ওটা কোরছো , ধ্বংস কোরছো বেশী,  
তুচ্ছ-তাচ্ছিল্যভরে, দেখাচ্ছ মাংসপেশী ।  
একদিন আটকা পড়বে তুমি, প্রকৃতির ফাটা বাঁশে,  
মুক্ত হতে চাইবে যতই, আরো ধরবে কষে ।

কবির ইমেইল # [ekushebetarsydney@hotmail.com](mailto:ekushebetarsydney@hotmail.com)

কবি/লেখক মিঃ রঃ তরুনের আগের লেখাগুলো পড়তে এখানে [টোকা-মারুন](#)